

# যুগান্তর

## ডেন্টালে ভর্তি পরীক্ষায় প্রথম হলেন মুবিন

প্রকাশ : ০২ নভেম্বর ২০১৯, ২২:২৫ | অনলাইন সংক্রান্ত

 যুগান্তর রিপোর্ট



মুবিন ইবনে মকবুল। ছবি: সংগৃহীত

ইউনিটে ২৩তম স্থান অর্জন করেন। এছাড়া প্রকৌশল বিশ্ববিদ্যালয় ও আর্ম ফোর্সেস মেডিকেল কলেজে ভর্তির সুযোগ পেয়েছেন তিনি।

ডেন্টাল ভর্তি পরীক্ষায়  
এবার জাতীয় মেধায়  
প্রথম হয়েছেন মুবিন  
ইবনে মকবুল। তার  
সর্বমোট স্কোর ২৯২.৫।  
এটি ডেন্টালে এ  
যাবৎকালের সর্বোচ্চ  
স্কোর। এ খবর প্রকাশ  
করেছে স্বাস্থ্য বিষয়ক  
সংবাদ  
মাধ্যম মেডিডিয়েস।

খবরে বলা হয়, মুবিন	মুবিন
ইবনে মকবুল এ	বছর
এমবিবিএস	ভর্তি
পরীক্ষায়	১১০তম
হয়েছেন।	পাশাপাশি
জাহাঙ্গীরনগর	
বিশ্ববিদ্যালয়ে	
ভর্তিপরীক্ষায়	ঘ
ইউনিটে	প্রথম
হয়েছেন।	ঢাকা
বিশ্ববিদ্যালয়ে	ক
ইউনিটে ৭১তম	ও ঘ

মুবিন গভর্নমেন্ট ল্যাবরেটরি হাইস্কুল থেকে এসএসসি ও নটরডেম কলেজ থেকে কৃতিত্বের সঙ্গে এইচএসসি পাস করেন। তার গ্রামের বাড়ি গোপালগঞ্জের কাশিয়ানী উপজেলার ভাটিয়াপাড়ায়।

তার বাবা হাজী মো. মকবুল হোসাইন ও মা ইসমত জাহান। তারা দুজনই রাজধানীর মিরপুরে শাহ আলী কলেজে প্রভাষক হিসেবে কর্মরত করছেন।

মেডিভয়েসের পক্ষ থেকে মুবিন ইবনে মকবুলকে প্রাণচালা শুভেচ্ছা ও অভিনন্দন!

## মুবিনের যত মেধাবী স্বজ্ঞন

মুবিন ইবনে মকবুলের সর্বকনিষ্ঠ চাচা ডা. আরিফ হোসেন এবার জাপানের সেরা তরুণ বিজ্ঞানী হিসেবে নির্বাচিত হয়েছেন। ৬১ বছরের ইতিহাসে এই প্রথম কোন নন-জাপানিজ হিসেবে এ গৌরবময় পুরস্কার অর্জন করেন তিনি।

জাপান মেডিকেল সায়েন্সের ইতিহাসে অবিস্মরণীয় এ ঘটনার জন্ম দেওয়া ডা. আরিফ বর্তমানে দেশটিতে একটি গবেষণা প্রতিষ্ঠানের জ্যেষ্ঠ গবেষক হিসেবে কর্মরত রয়েছেন।

Lysosomal diseases এর mechanisms এবং treatment আবিষ্কারের জন্য তাকে এ সম্মান দেয় জাপানিজ সোসাইটি অব ইনহেরিটেড ম্যাটারিলিক ডিজার্ডার্স।

তার আরেক চাচা ডা. সিদ্দিকুর রহমান ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করছেন। নিজ পেশায় গুরুত্বপূর্ণ অবদানের জন্য তিনি তিনবার রাষ্ট্রপতি ও একবার প্রধানমন্ত্রীর পুরস্কারে ভূষিত হন। গবেষণা কর্ম চালিয়ে যেতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর হাতে আড়াই লাখ টাকার চেক তুলে দেন।

অধ্যাপক ড. সিদ্দিকুর রহমান গবাদি পশুর রোগের চিকিৎসার ভ্যাকসিন ব্রসেলোসিস আবিষ্কার করেছেন, যা বিশ্বে প্রথম।

## মুবিনের সাফল্যের প্রতিক্রিয়া

মুবিনের বাবা হাজী মো. মকবুল হোসেন যুগান্তরকে বলেন, আমার ছেলে নটরডেম কলেজের ফার্স্টবয় ছিল। এখন সে ঢাকা মেডিকেলে ভর্তি হবে।

যুগান্তরকে দেয়া টেলিফোনে দেয়া তৎক্ষণিক প্রতিক্রিয়ায় মুবিন বলেন, আমার এ ফলাফল আল্লাহর রহমতে হয়েছে। এছাড়া মা-বাবা, শিক্ষকসহ অনেকের প্রেরণা ও অবদান রয়েছে। আপনারা সবাই আমার জন্য দোয়া করবেন। আমি ভবিষ্যতে নিউরোসার্জন হতে চাই।

কেন নিউরোসার্জন কারণ হতে চান-জানতে চাইলে মুবিন বলেন, আমাদের দেশে নিউরোসার্জনের খুবই অভাব। যার কারণে এ দেশের অনেক রোগী বাধ্য হয়ে সিঙ্গাপুরসহ বিভিন্ন দেশে গিয়ে চিকিৎসা নেন। আমি নিউরোসার্জন হয়ে তাদের সেবা করতে চাই।

মুবিন অবসরে বিজ্ঞান ও ধর্মীয় বিষয়ে বিভিন্ন বই পড়ে। প্রচুর পড়ে। তার প্রিয় খেলা ক্রিকেট। আর প্রিয় ক্রিকেটার হাশিম আমলা।

**ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।